# Becobion

Vitamin $B_1 + B_6 + B_{12}$

## Composition

**Becobion Tablet:** Each film coated tablet contains: Thiamine Mononitrate (Vitamin $B_1$) BP 100 mg, Pyridoxine Hydrochloride (Vitamin $B_6$) BP 200 mg & Cyanocobalamin (Vitamin $B_{12}$) BP 200 mcg.

**Becobion Injection:** Each 3 mL contains: Thiamine Hydrochloride (Vitamin $B_1$) BP 100 mg, Pyridoxine Hydrochloride (Vitamin $B_6$) BP 100 mg & Cyanocobalamin (Vitamin $B_{12}$) BP 1000 mcg.

## Pharmacology

Becobion is a combination of Vitamin $B_1$ (Thiamine), $B_6$ (Pyridoxine) & $B_{12}$ (Cyanocobalamin). These vitamins play essential role as coenzyme in the metabolism of nervous system. Thus this combination normalizes the nerve cell metabolism. Becobion supports the regeneration of nerve fibers and myelin sheath by activation of the metabolism and the natural repair mechanism. The combination of these 3 vitamins show better efficacy than that of the individual component. In addition, Vitamin $B_1$, $B_6$ & $B_{12}$ promote body's own repair mechanism and work in pain management.

## Indication

Becobion is indicated for nerve pain expressed in one or more of the following symptoms: pricking / tingling sensation, numbness, muscle stiffness, muscle cramp, impaired sensation. Besides these, deficiency exists of these relevant vitamins.

## Dosage and Administration

Usual Dosage

**Becobion Tablet:** 1-3 tablets three times a day or as directed by the physician.

**Becobion Injection:** In severe cases, 1 ampoule daily until the acute symptoms subside. For milder cases and follow-up therapy 2 or 3 ampoules should be injected per week.

## Contraindication

It should not be used in patients on Levodopa therapy and hypersensitivity to any of the above ingredients.

## Warning and Precaution

Combination of Vitamin $B_1$+$B_6$+$B_{12}$ should be avoided in case of hypersensitivity to thiamine, cobalt or any other component of these ingredients. Cyanocobalamin should not be given before a diagnosis has been fully established because of the masking symptoms of subacute degeneration of the spinal cord.

## Side Effects

This combination (Vitamin $B_1$+$B_6$+$B_{12}$) is usually well tolerated. Hypersensitive reaction and sensitivity disturbance may occur rarely.

## Use in pregnancy and lactation

Vitamin $B_1$+$B_6$+$B_{12}$ combination is safe for pregnant woman. It is not known whether thiamine (Vitamin $B_1$) is excreted in breast milk or not, but may be taken cautiously during lactation. There is no known adverse effect on Vitamin $B_{12}$ therapy also.

## Use in children & adolescents

It may be given to children & adolescents.

## Drug Interaction

No significant drug interactions with other medicines have been reported.

## Overdose

Symptoms of the combination of vitamin $B_1$+$B_6$+$B_{12}$ overdose include: excessive thirst, abdominal cramps, nausea, vomiting, increased urination etc.

## Storage

Store in a cool (below 30° C) and dry place, away from light. Keep out of the reach of children.

## Packaging

**Becobion Tablet:** Each commercial box contains 30 tablets in Alu-Alu blister pack. Each blister supplied in special pouch.

**Becobion Injection:** Each commercial box contains 5 ampoules of 3 mL solution in plastic tray.

Manufactured By
BEACON®
Pharmaceuticals PLC
Bhaluka, Mymensingh, Bangladesh

LF04103

# বিকোবিয়ন

ভিটামিন বি১ + বি৬ + বি১২

**উপাদান**

**বিকোবিয়ন ট্যাবলেটঃ** প্রতিটি ফিল্ম কোটেড ট্যাবলেটে আছে থায়ামিন মনোনাইট্রেট (ভিটামিন বি১) বিপি ১০০ মিগ্রা, পাইরিডক্সিন হাইড্রোক্লোরাইড (ভিটামিন বি৬) বিপি ২০০ মিগ্রা, সায়ানোকোবালামিন (ভিটামিন বি১২) বিপি ২০০ মাইক্রোগ্রাম।

**বিকোবিয়ন ইঞ্জেকশনঃ** প্রতি ৩ মিলিতে রয়েছে থায়ামিন হাইড্রোক্লোরাইড (ভিটামিন বি১) বিপি ১০০ মিগ্রা, পাইরিডক্সিন হাইড্রোক্লোরাইড (ভিটামিন বি৬) বিপি ১০০ মিগ্রা, সায়ানোকোবালামিন (ভিটামিন বি১২) বিপি ১০০০ মাইক্রোগ্রাম।

**ফার্মাকোলজি**

বিকোবিয়ন হল ভিটামিন বি১ (থায়ামিন), বি৬ (পাইরিডক্সিন) এবং বি১২ (সায়ানোকোবালামিন) এর মিলিত উপাদান। এই ভিটামিনগুলো নার্ভাস সিস্টেম এর মেটাবোলিজম এ কো-এনজাইম হিসেবে অত্যাবশ্যকীয় ভূমিকা পালন করে থাকে। বিকোবিয়ন নার্ভ ফাইবার এবং মায়েলিন শিথ এর পুনর্গঠন এ সহায়তা করে থাকে। এই ৩ টি বি ভিটামিন তাদের নিজ নিজ স্বতন্ত্র উপাদানের তুলনায় মিলিত উপাদান হিসেবে উত্তম কার্যক্ষমতা প্রদর্শন করে। এছাড়াও ভিটামিন বি১, বি৬ এবং বি১২ মানবদেহের নিজস্ব সংশোধন পদ্ধতি বৃদ্ধি ও ব্যথা উপশম করে থাকে।

**নির্দেশনা**

বিকোবিয়ন নিম্নোক্ত এক বা একাধিক পরিস্থিতিতে স্নায়ু এর ব্যথায় নির্দেশিতঃ প্রিকিং অথবা টিংলিং সেনসেশন, অসারতা, পেশী কাঠিন্যতা, পেশীর খিঁচুনি, সংবেদনহীনতা ইত্যাদি। এগুলোর পাশাপাশি এই তিনটি বি ভিটামিন এর কোন একটির ঘাটতিতেও বিকোবিয়ন নির্দেশিত।

**মাত্রা ও প্রয়োগবিধি**

**বিকোবিয়ন ট্যাবলেটঃ** ১-৩ টি ট্যাবলেট দিনে তিনবার অথবা চিকিৎসকের পরামর্শ মাফিক।

**বিকোবিয়ন ইঞ্জেকশনঃ** তীব্র ক্ষেত্রে প্রতিদিন ১ টি এ্যাম্পুল যতক্ষণ পর্যন্ত বিষম উপসর্গ হ্রাস না পায়। হালকা এবং ফলোআপ চিকিৎসা ক্ষেত্রে ২ অথবা ৩ টি এ্যাম্পুল ইঞ্জেকশন এর মাধ্যমে প্রতি সপ্তাহে গ্রহণ করতে হবে।

**প্রতিনির্দেশনা**

বিকোবিয়ন এর যে কোন উপাদানের প্রতি অতিসংবেদনশীল রোগীর ক্ষেত্রে এবং লেভোডোপা চিকিৎসা গ্রহণকারী রোগীর ক্ষেত্রে এর ব্যবহার পরিহার করা উচিত।

**সাবধানতা ও সতর্কতা**

ভিটামিন বি১, বি৬ এবং বি১২ এর যে কোন উপাদানের প্রতি অতিসংবেদনশীল রোগীর ক্ষেত্রে বিকোবিয়ন এর ব্যবহার পরিহার করা উচিত। সম্পূর্ণরূপে রোগ নির্ণয় এর পূর্বে সায়ানোকোবালামিন ব্যবহার করা উচিত নয়।

**পার্শ্ব প্রতিক্রিয়া**

ভিটামিন বি১, বি৬ এবং বি১২ এর এই মিলিত উপাদানটি সাধারণত ভাল মাত্রায় সহনীয়। কদাচিৎ অত্যধিক সংবেদনশীল প্রতিক্রিয়া ঘটতে পারে।

**গর্ভাবস্থায় ও স্তন্যদানকালে ব্যবহার**

ভিটামিন বি১, বি৬ এবং বি১২ এর মিলিত উপাদানটি গর্ভবতী মহিলাদের জন্য নিরাপদ। এটি এখন পর্যন্ত জানা যায়নি যে থায়ামিন (ভিটামিন বি১) স্তন্য দুধের মাধ্যমে নিঃসৃত হয় কিনা, তবে সতর্কতা অবলম্বন করে স্তন্য দানকালে ব্যবহার করা যেতে পারে। ভিটামিন বি১২ চিকিৎসারও কোন পরিচিত ক্ষতিকর প্রভাব নেই।

**শিশু ও কিশোরদের ক্ষেত্রে ব্যবহার**

ভিটামিন বি১, বি৬ এবং বি১২ এর মিলিত উপাদানটি শিশু ও কিশোর রোগীদের ক্ষেত্রে দেয়া যেতে পারে।

**ওষুধ মিথস্ক্রিয়া**

নির্দিষ্ট কোন ওষুধ মিথস্ক্রিয়া এখন পর্যন্ত প্রতিবেদিত হয়নি।

**অপরিমিত মাত্রা**

ভিটামিন বি১, বি৬ এবং বি১২ এর মিলিত উপাদানটির অতিরিক্ত সেবনের লক্ষণগুলোর মধ্যে রয়েছে অত্যাধিক তৃষ্ণা, এ্যাবডোমিনাল ক্র্যাম্প, বমি বা বমি বমি ভাব, মুত্রত্যাগ বৃদ্ধি ইত্যাদি।

**সংরক্ষণ**

আলো থেকে দূরে, ঠান্ডা (৩০° সেলসিয়াস এর নিচে) ও শুকনো স্থানে রাখুন। সকল ওষুধ শিশুদের নাগালের বাইরে রাখুন।

**মোড়ক**

**বিকোবিয়ন ট্যাবলেটঃ** প্রতিটি বাণিজ্যিক বাক্সে আছে ৩০টি ট্যাবলেট অ্যালু-অ্যালু ব্লিস্টার প্যাকে যা অতিরিক্ত পাউচ প্যাক দ্বারা আবৃত।

**বিকোবিয়ন ইঞ্জেকশনঃ** প্রতিটি বাণিজ্যিক বাক্সে আছে ৩ মিলি এর ৫টি এ্যাম্পুল প্লাস্টিক ট্রেতে।

প্রস্তুতকারক
**বীকন ফার্মাসিউটিক্যালস্ পিএলসি**
ভালুকা, ময়মনসিংহ, বাংলাদেশ